

া শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيم এর ব্যাখ্যা রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আবুল্লাহ শাহেদ আল-মাদানী]

الرَّحْمَنِ الرَّحِيم आत् तारमान आत तारीम

আল্লাহ্ তাআলার পবিত্র ও অতি সুন্দর নামসমূহের মধ্য হতে রাহমান ও রাহীম দু'টি সম্মানিত নাম। এই নাম দু'টি প্রমাণ করে, যেমন রহমত আল্লাহ তাআলার বড়ত্ব ও মর্যাদার জন্য শোভনীয়, তিনি তেমন রহমত ও দয়ার গুণেই গুণান্বিত।

আল্লাহ্ তাআলার الرحمن 'রাহমান' নামটি সমস্ত সৃষ্টির উপর তাঁর ব্যাপক রহমতের প্রমাণ বহন করে। আর الرحيم 'রাহীম' নামটির মধ্যে এমন রহমত রয়েছে, যা শুধু মুমিনদের জন্যই নির্দিষ্ট। আল্লাহ তাআলা বলেনঃ 🛘 ﴿ وَكَانَ بِالْمُؤْمِنِينَ رَحِيمًا ﴾ "এবং তিনি মুমিনদের প্রতি খুবই দয়াবান"। (সূরা আহ্যাব: ৪৩)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8459

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন